



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় অফিস, শৈলকুপা, ঝিনাইদহ
www.cooparative.shailkupa.jhenaidah.gov.bd



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ের উন্নয়ন

স্মারক নম্বর: : ৪৭.০৬১ .৪৪৮০.০০০.৩৯.০০৩.২২ - ৫৮

তারিখ: ১৪/০৩/২০২৩খ্রি:


অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের আওতায় (সকল অধ:স্তন দপ্তর/সংস্থার জন্য একটি) সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত সেবা চূড়ান্ত করণের লক্ষ্যে বিগত ০১.০২.২০২৩ তারিখে সমবায় অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধন ২০০২ ও ২০১৩)এর ১৮ (৫) ধারা মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “ অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” বিষয়টি নির্বাচন করত: উক্ত “ সেবা সহজীকরণ” এর ধাপসমূহ নিম্নরূপে নির্ধারণ করা হলো।

প্রস্তাবিত ধাপসমূহ

১. ব্যবস্থাপনা কমিটি / সমিতির আবেদনের প্রেক্ষিতে উপজেলা সমবায় অফিসার, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন।
(শেয়ার মূলধন ৫০ পঞ্চাশ হাজার টাকার কম হলে)
২. অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সদস্য গন সভা করে একটি নিরপেক্ষ নির্বাচন কমিটি গঠন করবে।
৩. অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি বিশেষ সাধারণ সভা আহবান করে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচনের ব্যবস্থা করবে।
৪. নির্বাচন কমিটি নির্ধারিত সময়ের মধ্যে তফসীল ঘোষণা করে নির্বাচনী কার্যক্রম গ্রহণ করবে।
৫. নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি দায়িত্বভার গ্রহণ পূর্বক নির্বাচনের ফলাফল ও নব নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির ১ম সভার কার্যবিবরণী উপজেলা সমবায় অফিসার এর নিকট প্রেরণ করবে এবং অনুলিপি জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করবে।

০২। এ অবস্থায়, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ১৮ (৫) প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করত: উক্ত সেবা সহজীকরণে বিদ্যমান ধাপসমূহের পরিবর্তে উল্লেখিত ধাপসমূহ (পাঁচটি ধাপ) যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।


মো: মুজিবুর রহমান
উপজেলা সমবায় অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
ফোন নং-০২৪৭৭৭৪৯৮৮৯
uco.shailkupajhe@gmail.com